Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১২ই আশ্বিন বুধবার ১৩৬৭ ইংরাজী 28th Sept. 1960 { ১৯শ সংখ্যা

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।




মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

আরতির

**"রাণী রাসমণি"**

**শাড়ী ও ধুতি কিনুন।**

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

**আরতি কটন মিলস্ লিঃ**

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১২ই আশ্বিন বুধবার সন ১৩৬৭ সাল।

## জগদম্বার মহাপূজা

—•—

মা মহামায়ার পূজা-মণ্ডপে প্রতিমা বেদীতে স্থাপিত হইয়াছে। যথারীতি আয়োজন হইয়াছে। এখনও ভিক্ষুক তার ভিক্ষার ঝুলি কাঁধে উদরের জ্বালা নিবারণের জন্য দ্বারে দ্বারে সময়োপযোগী গান গাহিয়া যে বাড়ীতে পূজা হয় না, সেখানেও মায়ের পিতৃগৃহে আগমনের আগমনী গান বেহালা বাজাইয়া গাহিয়া থাকে।

দেখ না নয়নে গিরি
উমা আমার সেজে এলো—
কার্ত্তিকেয় গণপতি, সঙ্গে লক্ষ্মী সরস্বতী
সিংহপৃষ্ঠে ভগবতী
মা মা বলে দাঁড়াইল।
দেখ না নয়নে গিরি
উমা আমার সেজে এলো।

বৎসরান্তে মা মেয়েকে পেয়ে জিজ্ঞাসা করছেন কেমন ছিলি মা।

গান

উমা আমার কেমন ছিলি
শুনেছি ঈশান নাকি শ্মশানেতে
বাস করে!
পরে সদা বাঘাম্বর, ভস্ম মাখা কলেবর
অহি সদা শিরোপর, থাকিস মা তুই
কেমন ক'রে?
সত্য কি মা অন্ন বিনা, উপবাসে থাকিস উমা,
দিনান্তে অন্ন জোটে না, জামাই নাকি
ভিক্ষা করে।
গঙ্গা নামে সতা নাকি,
সতত মস্তকে রাখি,
শুনেছি পিনাকী নাকি,
অধিক যতন করে।
রাজার নন্দিনী তুমি,
কেন কষ্ট সহ শুনি,
শুন মা ঈশানী তুমি,
আর যেতে দিব না তোরে।

দক্ষালয়ে শিব নিন্দার ফল আশঙ্কা ক'রে মা গৌরী মাকে বলছেন—

ছিলাম ভাল জননীগো হরের ঘরে।
কে বলে জননী তব জামাই
শ্মশানে বসতি করে?
যে ঘরেতে বাস করি,
বর্ণিতে নারি মাধুরী,
নীলকান্ত আদি করি
কত রত্ন শোভা করে।
কত যেন রবি শশী
উদয় হয়েছে আসি
বোঝা যায় না দিবানিশি,
কখন যাতায়াত করে।
পরেন বটে বাঘাম্বর, ভস্ম মাখা কলেবর,
জামাই তব বিশ্বেশ্বর,
অহি সদা শিরোপরে।
সেই শিবের শ্রীচরণে
পারিজাত আভরণে
দেবরাজ এক মনে
মস্তক নমিত করে।
ষড়ৈশ্বর্য্য আছে যাঁর, ভিক্ষা কি জীবিকা
অজ্ঞানে না বুঝি সার, তাঁর,
ভিক্ষাজীবী বলে হরে।
সত্য বটে সুরধুনী,
অগ্রজা সমান মানি,
সে আমায় ভগিনী জানি
কত যে যতন করে।

মহাষ্টমী ও মহানবমীর সংযোগ সময়ে সন্ধিপূজা হয়। এবার কয়েকদিন পূর্ব্বে আমাদের ভারত রাষ্ট্রের সঙ্গে পাকিস্তান রাষ্ট্রের সন্ধির যোগাযোগ হইয়া গিয়াছে। ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহেরুর সহিত পাকিস্তানের প্রেসিডেন্ট মিঃ আয়ুব খানের মধ্যে বহু বিবদমান বিষয় লইয়া করাচী, রাওলপিণ্ডি, লাহোর প্রভৃতি বৈঠকে আলোচনা হইয়াছে। বিবদমান প্রতিবেশী রাষ্ট্রের মধ্যে সন্ধি হইলে বড় সুখের বিষয় হয়। শোনা যাইতেছে খালের জল লইয়া যে আলোচনা হয়, তাহাতে পাকিস্তান জয়লাভ করিয়াছে। আবার পালাম বিমান ঘাটিতে ভারতের প্রধান মন্ত্রী সাংবাদিকদের কাছে বলিয়াছেন—আমি, সর্ব্বদাই খুসী কাজেই আমার বেশ আনন্দ হইয়াছে আমি খুসী হইয়াছি। খোশ বা আনন্দকেও ইংরাজীতে Joy বলা হয়। খালের জল লইয়া পাকিস্তানের জয় হইয়াছে ভারতের প্রধান মন্ত্রী শ্রীনেহেরুর Joy (জয়) হইয়াছে। কাজেই আমরা উভয় দলকেই বলি—

জয় জয় পাকিস্তান
জয় জয় ইণ্ডিয়া
জয় (Joy) যদি না আসে তো
আন্‌তে হবে সিঁদ দিয়া।

---

## মায়ের মহাপূজা

লোকের অবস্থানুসারে ভারতের জমিদারগণের কৌলিক পূজা কেবল বজায় রাখিতে হইয়াছে। নিজেদের দিন চলে না কাজেই রামচন্দ্রের পিতৃশ্রাদ্ধের মত

"যদন্নঃ পুরুষো রাজন্
তদন্নাঃ পিতৃদেবতা"

করিতে বাধ্য হইয়াছে। তবে চাঁদা করিয়া সার্ব্বজনীন দুর্গাপূজার সংখ্যা কমে নাই।

প্রথম যে বৎসর সার্ব্বজনীন পূজা চলিত হয় সে বৎসরে জগদম্বার পূজায় ছুৎমার্গ পরিহারের উদ্যম দেখা গিয়াছিল। আমরা রঘুনাথগঞ্জে মেথর ও গঙ্গাপুত্র ডোমদের মণ্ডপে উঠিয়া দেবীকে অঞ্জলি দিবার জন্য বহু বহু অনুরোধ করিয়া মণ্ডপে উঠিয়া ফুল চন্দন অঞ্জলি দিতে সম্মত করাইতে পারি নাই। তাহারা বলে যা কখনও করিনি তা করলে ছেলেপিলের অকল্যাণ হবে।

এখন যে সব পূজা হইতেছে তাহাতে ব্রাহ্মণেতর কোন সম্প্রদায়কে তন্ত্রধারক বা পূজকের কাজ করিতে দেখি নাই। সংস্কৃতের লেশমাত্র জ্ঞান নাই এমন ব্রাহ্মণ পূজাকার্য্যে ব্রতী হইতেছেন অথচ সংস্কৃতে মহাপণ্ডিত অন্য কোন সম্প্রদায়ের পণ্ডিতকে সে কার্য্যে ব্রতী হইতে দেখি না। "জগদম্বা"

শব্দটীর অর্থ জগতের মা। মা বিশ্বপ্রসবিনী। তাঁর কোন্ ছেলের ছোঁয়া গেলে মা অপবিত্রা হবেন এমন কথা শোনা যায় না।

## পারিতোষিক বিতরণ

গত ২২শে সেপ্টেম্বর বৃহস্পতিবার সকাল ৯ ঘটিকার সময় পশ্চিম বঙ্গের শিক্ষাউপমন্ত্রী শ্রীসৌরেন্দ্রনাথ মিশ্র মহাশয়ের সভাপতিত্বে কাঞ্চনতলা জে. ডি. জে, উচ্চ বিদ্যালয়ের বাৎসরিক পারিতোষিক বিতরণ উৎসব অনুষ্ঠিত হইয়াছে। সভায় জঙ্গিপুরের মহকুমা শাসক, প্রচার অধিকর্ত্তা, মুর্শিদাবাদ জেলার স্কুল পরিদর্শক, এবং স্থানীয় গণ্যমান্য ভদ্রমহোদয়গণ সমবেত হইয়াছিলেন। ছাত্রগণের সঙ্গীত ও আবৃত্তি খুব সুন্দর হইয়াছিল। স্কুল কর্ত্তৃপক্ষের সাদর আপ্যায়নে সকলেই সন্তুষ্ট হইয়াছিলেন।

## একই নৌকায় মানুষ ও পশু

রঘুনাথগঞ্জ সহরের মধ্যস্থলে অবস্থিত ফেরীঘাটে মিউনিসিপ্যাল নির্দ্দেশ লঙ্ঘন করিয়া ইজারদার একই নৌকায় মানুষ এবং গরু ঘোড়া পারাপার করিয়া থাকে। এই বিষয়ে আমরা গত ৮ই ভাদ্র তারিখের "জঙ্গিপুর সংবাদে" অনুযোগ করিয়াছিলাম। তাহাতে কোন ফল হয় নাই বলিয়া পুনরায় আমরা ঐ বিষয়ে স্থানীয় মহকুমা শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## শিবপুর বোটানিক্যাল গার্ডেনের সুপারিন্টেণ্ডেণ্ট খুন

শিবপুর বোটানিক্যাল গার্ডেনের সুপারিন্টেণ্ডেণ্ট প্রখ্যাত উদ্ভিদবিজ্ঞানী ডাঃ দেবব্রত চ্যাটার্জ্জী ২৪শে সেপ্টেম্বর বেলা প্রায় সাড়ে এগারটার সময় বোটানিক্যাল গার্ডেনস্থ তাঁহার অফিসে আততায়ীর গুলীতে নৃশংসভাবে নিহত হন। আততায়ী ডাঃ চ্যাটার্জীকে গুলী করার পর নিজের দেহেও গুলী চালাইয়া আত্মহত্যা করে। আততায়ীর নাম শ্রীরমেন সরকার এবং সে বোটানিক্যাল গার্ডেনের অফিসের একজন কেরাণী বলিয়া সনাক্ত হইয়াছে।

## ওপর্ পত্রে গোপন কথা

জয়মঙ্গল রস খুকীর জ্বরে করবে গুণ।
বাসারিষ্ট এনো খোকা, কেসে হচ্ছে খুন।
কুটজাসব এনো মায়ের রক্ত অতিসার।
সুরবল্লী কষায় এনো ঢাকতে আমার হাড়।
মকরধ্বজ সি, কে, সেনের ভেজাল কিছু নাই,
তেজস্কর ওষুধ এটা নাইকো পাড়াগাঁয়।
লইবে আর এক দ্রব্য এঁদের নিকটে,
আছে কিনা আছে দেখি বুদ্ধি তোমার ঘটে।
নিয়ে আসতে পার যদি বুদ্ধি খরচ ক'রে।
ওটা লেখা আছে স্পষ্ট করে পত্রের ভিতরে।

## খেয়াঘাট, খুটাগাড়ী ঘাট ও হাট
# নিলামের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানানো যাইতেছে যে আগামী ইংরাজী ১০-১০-৬০ তারিখ সোমবার বেলা ১০-১/২ ঘটিকা হইতে নিম্নস্বাক্ষরকারীর এজলাসে সন ১৩৬৮ সালের জন্য জঙ্গীপুর মহকুমার অধীন ফেরীঘাট সমূহ, খুটাগাড়ী ঘাটসমূহ ও সামসেরগঞ্জ থানার অধীন "প্রতাপগঞ্জ হাট" উক্ত সালের ৩০শে চৈত্র তক প্রকাশ্য নিলামে নির্দ্দিষ্ট সর্ত্তাধীনে বন্দোবস্ত করা হইবে।

নিলামের সর্ত্তাবলী ও অন্যান্য প্রয়োজনীয় সংবাদ নিম্নস্বাক্ষরকারীর অফিসে, ইউনিয়ন বোর্ড অফিস সমূহে, বিভিন্ন থানায় ও সংশ্লিষ্ট অধস্তন ভূমি সংস্কার অফিসে দেখিতে ও জানিতে পারা যাইবে।

স্বাঃ—জি, এস, ব্যানার্জি
মহকুমা-শাসক, জঙ্গীপুর।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ২৪শে অক্টোবর ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৩১ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং বেং আবদুল গণি মণ্ডল বিং দাবি ৩৭ টাঃ ১২ নঃ পঃ থানা সুতি মৌজে নিজ নারায়ণপুর ৬/০ জমির জমা ৬৲ আঃ ১২৫৲ খং ৩৫৪

১৩৭ থাং ডিঃ ঐ দেং শুকদ্দি মণ্ডল দাবি ৩৫ টাকা ৩৬ নঃ পঃ থানা ঐ মৌজে নারায়ণপুর ৫/০ জমির জমা ৫৲ আঃ ২০০৲

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ২৪শে অক্টোবর ১৯৬০

১৯৬০ সালের ডিক্রীজারী

৬ অন্ন ডিঃ মহিমারঞ্জন দাস দেং ধীরেন্দ্রনাথ রায় দিং দাবি ৮৩০ টাঃ ৭০ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ১-৭৮ শতকের কাত ৪॥৶০ আঃ ১০০৲ খং ২০৫৫ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ২-৪৭ শতকের কাত ৭।৵৩ আঃ ১০০৲ খং ২০৮৩/১ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৩-৭৭ শতকের জমা খাজনাযোগ্য আঃ ১০০৲ খং ১৩২১ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১-৯৮ শতকের কাত ৫॥/৯ আঃ ১৫০৲ খং ৭১১৩; ৭১১৭ ঐ স্বত্ব

১২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৩৪ টাকা ৬০ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ১-৭৮ শতকের কাত ৪॥৶০ আঃ ১০০৲ খং ২০৫৫ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ২-৪৭ শতকের কাত ৭।৵৩ আঃ ১০০৲ খং ২০৮৩/১ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৩-৭৭ শতকের জমা খাজনাযোগ্য আঃ ১০০৲ খং ১৩২১ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১-৯৮ শতকের কাত ৫॥/৯ আঃ ১৫০৲ খং ৭১১৩, ৭১১৭ ঐ স্বত্ব

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৪ই নভেম্বর ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৭৩ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং মাহিরুদ্দিন সেখ দিং দাবি ১৮ টাকা ২৮ নঃ পঃ থানা সুতি মৌজে হিলোড়া ১-১৮ শতকের কাত ১৪॥৶৩ আঃ ১০৲ খং ২৯৬

১৯৬০ সালের ডিক্রীজারী

২৩ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং সাতকড়ি দফাদার দাবি ১৩-৯২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ১০ শতকের কাত ৩৷৶০ আঃ ৩০৲ খং ৫৭০



**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২





## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে স্ট্রীট, পোঃ বিডন স্ট্রীট, কলিকাতা—৬

[illegible]: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]
সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে [illegible] হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট:—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা শ্লাইড তৈয়ারী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।